# MARKING SCHEME

# 2024-2025

# SUBJECT- BENGALI (005)

# (বাংলা)

# CLASS –X

**TIME - 3 HOURS** **MAXIMUM MARKS - 80**

**Code No. 005**

**General Instructions:**

1. The Marking Scheme contains 23 printed pages.
2. The Question paper contains 16 questions.
3. The Question Paper is divided into two Parts

| | |
|---|---|
| PART - A : Objective type paper (MCQ) : | 25 Marks |
| PART - B : Descriptive paper: | 55 Marks |

4. PART - A has three sections :

| | |
|---|---|
| Section - A: Reading (Unseen Comprehension): | 12 Marks |
| Section - B: Grammar : | 03 Marks |
| Section - C : Main Course Book : | 10 Marks |

5. PART- B has three sections:

| | |
|---|---|
| Section - B: Grammar : | 10 Marks |
| Section - C : Supplementary Reader/ Non-detailed Text : | 33Marks |
| Section - D : Creative Writing : | 12 Marks |

# Marking Scheme

## Class - X

## (2024 - 2025)

## Subject - Bengali (Code No. - 005)

**সময়– ৩ ঘণ্টা** **সর্বমোট অঙ্ক - ৮০**

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

**PART - A : Objective Type Paper ( MCQ)**

| Section | Question No. | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|---|
| A (Unseen Comprehension) | 1. | বোধপরীক্ষণ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর - 1 | 3x(1x4)=12 |
| | A. I. | A) রবীন্দ্রনাথের সুবিশাল ব্যক্তিত্ব | |
| | II. | C). বড়ো অট্টালিকা আর অগণ্য কুঠিবাড়ি দেখে | |
| | III. | D). কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক | |
| | IV. | B) উৎরাই | |
| | B. I. | A. বৃহত্তর জগতের জ্ঞান পরিবেশন ও ধর্মপ্রচার করা। | |
| | II. | B)কারণ (ক) গ্রহণযোগ্য নয় কিন্তু কারণ (খ) গ্রহণযোগ্য। | |
| | III. | C). মানুষকে মানুষের জীবন সম্পর্কে সচেতন করার প্রসঙ্গে। | |
| | IV. | D) সেইস্থান হইতেই তাঁহারা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছাপিয়া বাহির | |

| | | | |
|---|---|---|---|
| | | করেন। | |
| | C. I. | B) মৃতদের সাথে জীবিতদের পুনরায় সাক্ষাৎ হয় বলে। | |
| | II. | C) আইনের চোখে তাদের মধ্যে কোনো তফাৎ রাখা হতো না। | |
| | III. | A).খাবারগুলো মৃতের আত্মা আধ্যাত্মিকভাবে খেয়ে নিয়েছে , এই বিশ্বাসে মিশরীয়রা বিশ্বাসী ছিলো। | |
| | IV. | D). পুনঃ + মিলন | |
| B<br>(Grammar)<br>(MCQ) | **2.** | প্রদত্ত বিকল্পগুলি থেকে সাধু/চলিত রূপান্তরের সঠিক উত্তর নির্বাচন করতে হবে। **(MCQ)**<br>**পাঁচটির** মধ্যে যেকোনও **তিনটির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | **1x3=3** |
| | I. | C) অযৌক্তিক কোনও একটি কথা বলিলেই বা আমরা মানিতে যাইব কেন? | |
| | II. | B) বিকালের রোদ রাঙা হয়ে এসেছে মহালিখারূপ পাহাড়ের মাথায়। | |
| | III. | C) আমাকে নিরস্ত্র দেখিয়া কখনই আমাকে দুর্বল ভাবিও না। | |
| | IV. | A)কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) সঠিক নয়। | |
| | V. | D) সমস্ত বাগানটা হইয়া উঠিত যেন রূপকথার তেপান্তরের মাঠ । | |
| **C** | **3.** | গদ্যের অন্তর্গত প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে | **1X6 =6** |

| | | | |
|---|---|---|---|
| **(Main Course Book)**<br><br>**(MCQ)** | | সঠিক উত্তরটি বেছে লিখতে হবে।<br><br>**আটটির** মধ্যে যেকোনও **ছ'টির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br><br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | |
| | I. | C) তিনতলার সিঁড়িতে বসে একটা আস্ত গল্প লিখে ফেলার পর। | |
| | II.<br>**[CBQ]** | B) কারণ (ক) গ্রহণযোগ্য না হলেও কারণ (খ) গ্রহণযোগ্য। | |
| | III. | B) চকের বাস স্ট্যাণ্ডের কাছে। | |
| | IV. | B). তিনি বই লেখেন ও তাঁর অনেক বই ছাপানোও হয়েছে। | |
| | V.<br><br>**[CBQ]** | C) কারণ (ক) ও (খ) কোনোটিই সঠিক নয়। | |
| | VI. | C). কালিয়া অমৃতকে কুস্তিতে হারিয়ে দিয়েছিল। | |
| | VII. | D). জগদীশ বাবুর বাড়িতে আগত উঁচুদরের সন্ন্যাসীর পায়ের ধুলো নিতে না পারার জন্য। | |
| | VIII. | D). একটি ছেলে | |
| **(Supplementary Reader/Non-detailed Text)**<br><br>**(MCQ)** | **4.** | গল্পগুচ্ছ (সহায়ক পাঠ) থেকে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তর বেছে লিখতে হবে।<br>**ছ'টির** মধ্যে যেকোনও **চারটির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br><br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর-1 | **1X4 =4** |
| | I. | C) বদলির দরখাস্ত মঞ্জুর না হওয়ায় তিনি কাজে ইস্তফা দিয়ে বাড়ি যাচ্ছেন । | |

| | | | |
|---|---|---|---|
| | II.<br><br>**[CBQ]** | C)রহমতের অনুরোধে ব্যক্ত বিষয়টি সম্বন্ধে ছোট্ট মিনির কোনো পূর্ব ধারণাই ছিল না। | |
| | III<br><br>**[CBQ]** | C) কারণ (ক) ও (খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়।<br><br>D) কারণ (ক) ও (খ) উভয়ই গ্রহণযোগ্য। (Option D intra appropriate) | |
| | IV. | B).রাধামুকুন্দ যে ব্রজসুন্দরীর স্বামীকে বঞ্চনা করছেন, তার উপযুক্ত প্রমাণ তিনি যোগাড় করতে পারছিলেন না। | |
| | V.<br><br>**[CBQ]** | C) কারণ (ক) ও (খ) দুটিই সঠিক। | |
| | VI. | A) শশিভূষণের জমিদারি খাজনার দায়ে নিলাম হয়ে যাওয়া। | |
| **PART - B : Descriptive paper:** | | | |
| **PART - B**<br><br>**B**<br><br>**Grammar** | **5.** | সন্ধিবদ্ধ করা বা সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে সঠিক উত্তরটি লিখতে পারলে 1 নম্বর।<br>সন্ধিবিচ্ছেদের ক্ষেত্রে **চারটির** মধ্যে যেকোনও **দু'টির** উত্তর লিখতে হবে। সন্ধিবদ্ধ করার ক্ষেত্রেও **চারটির** মধ্যে যেকোনও **দু'টির** উত্তর লিখতে হবে।<br><u>উত্তর সঙ্কেত</u> :<br>**<u>5A</u>** যথাক্রমে :<br>হিন্‌স্ + অ<br>মিশি + কালো<br>বিপদ্ +মুক্ত<br>ষট্ + মাস<br>নিঃ + রজ<br>**<u>5B</u>** যথাক্রমে : | **1X2=2** |

| | | | |
|---|---|---|---|
| | | নিষ্প্রভ<br>পতঞ্জলি<br>সংস্কৃত<br>যদ্দিনে<br>দুর্নিবার | **1X2=2** |
| | **6.**<br>**[CBQ]** | রেখাঙ্কিত পদের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়ের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের নাম সঠিক লিখতে পারলে 1 নম্বর।<br>সমাসের নাম সঠিক অথচ ব্যাসবাক্য ভুল হলে অথবা সমাসের নাম / উপশ্রেণীর নাম ভুল অথচ ব্যাসবাক্য সঠিক হলে (0.5) নম্বর পাওয়া যাবে।<br>(উপশ্রেণীর নাম লেখা আবশ্যিক নয়)<br>**পাঁচটির** মধ্যে যেকোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে।<br>**উত্তর সঙ্কেত :**<br>I.কুলের সমীপে - অব্যয়ীভাব সমাস।<br>II. বিজয় সূচক রথ - মধ্যপদলোপী কর্মধারয় সমাস<br>III. জীবন পর্যন্ত - অব্যয়ীভাব সমাস।<br>IV. জীবন রূপ যুদ্ধ- রূপক কর্মধারয় সমাস, তাতে।<br>V. অগ্র ও পশ্চাৎ -দ্বন্দ্ব সমাস | **1X3 =3** |
| | **7.** | নির্দেশানুসারে বাক্যের সঠিক রূপান্তর করলে1 নম্বর।<br>**পাঁচটির** মধ্যে যেকোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | | **<u>উত্তর সঙ্কেত</u>** :<br>I. পুরনো যে বাসন তাও বিক্রি হয় নাকি এখানে?<br>II. দুষ্প্রাপ্য বইটি আমি স্কুলে হারিয়েছি শুনে বাবা অত্যন্ত দুঃখিত হলেন।<br>III. যে বিদ্যা আমাদের পুঁথির তাহাকে আমরা আমাদের প্রাণের মধ্যে আয়ত্ত করিতে পারিতেছি না।<br>IV. মুখ গম্ভীর করিত/ গম্ভীর মুখ করিত এবং তর্জনী তুলিয়া বলিয়া যাইত।<br>V. কাঙালির মা আস্তে আস্তে ওঠে এবং দরজার পাশে গিয়ে দাঁড়ায়। | **1X3=3** |
| **C**<br>**Main Course Book & SupplementaryReader/**<br>**Non-detailed Text** | **8.** | **'অনুগ্রহ করে একটু সাহায্য করবেন আমাকে?' - কে কোন্ সাহায্যের প্রত্যাশায় এসেছিলেন?**<br>আলোবাবু গল্পকথকের বৈঠকখানায় এসেছিলেন আহত একটি পাখির ছানার শুশ্রূষার জন্য। | **2** |
| | **9.**<br>**[CBQ]** | **a)'ওসব হলো সুন্দর সুন্দর এককেটি বঞ্চনা'–এই উক্তির দ্বারা বক্তা কী বোঝাতে চেয়েছেন ?**<br>সুবোধ ঘোষের লেখা 'বহুরূপী' গল্পে বিরাগীরূপী হরিদা জগদীশ বাবুর থেকে কোনও কিছু গ্রহণে আপত্তি জানালে জগদীশ বাবু তার কাছে কিছুউপদেশশুনতে চান। যথার্থ সন্ন্যাসীসুলভ নিরাসক্ত ভঙ্গীতে হরিদা বলেন ধন-জন-যৌবন এসব তুচ্ছ বস্তু নিছকই মায়ামাত্র । ষড়রিপুর অধীন মানুষ মোহের বশবর্তী হয়ে জাগতিক সুখের দ্বারা আকৃষ্ট হয় কিন্তু এই মোহমায়া ত্যাগ করে ঈশ্বরের পায়ে আত্মসমর্পণ করলে | **3X2=6** |

| | | | |
|---|---|---|---|
| | | সৃষ্টির আসল ঐশ্বর্যের উপলব্ধি হয়।<br><br>b ) **“আজ থেকে আমরা অমৃতকে অদল আর ইসাবকে বদল বলে ডাকব”**<br><br>**বক্তার এই ঘোষণায় কোন্ সত্য প্রকাশ পেয়েছে?**<br><br>গ্রামপ্রধানের এই ঘোষণায় প্রকাশ পেয়েছে –<br><br>ইসাব ও অমৃত দুই পৃথক ধর্মসম্প্রদায়ের মানুষ<br><br>হলেও তাদের বন্ধুত্বে ধর্ম কোনো বাধা হয়ে দাঁড়ায় নি। মানবতার কাছে ধর্মের বেড়া কোনো বাধা হতে পারে না, তাদের গভীর বন্ধুপ্রীতিকেও ছাপিয়ে উঠেছে বিশুদ্ধ মানবিক বোধ। নিঃস্বার্থ বন্ধুত্বের অমোঘ টানে আর ভালবাসার শক্তিতে মানুষ আত্মার আত্মীয় হয়ে উঠতে পারে। | |
| | **10.**<br><br><br><br>**(CBQ)→** | **বইটা ফেলে রেখে চলে যায়” -**<br><br>**a).কার কখন এই প্রতিক্রিয়া ?**<br><br>**b).এই প্রতিক্রিয়ার সূত্রে তার যে মানসিক পরিবর্তন পাঠ্য গল্পের প্রেক্ষিতে তা কতখানি যুক্তিযুক্ত বলে তোমার মনে হয় ?**<br><br>**a)** আশাপূর্ণা দেবীর ‘জ্ঞানচক্ষু’ গল্পেএই প্রতিক্রিয়া তপনের ।<br><br>‘সন্ধ্যাতারা’ পত্রিকায় প্রকাশিত তার গল্পটি সকলকে পড়ে শোনানোর সময় তপন বুঝতে পারে ‘কারেকশনে’র নামে লেখক মেসো সেটির আদ্যন্ত পরিবর্তন করেছেন—হতবাক তপন গল্প পড়া থামিয়ে দিলেও সকলের দাবি মেনে আবার পড়তে হয় – মেসোই গল্পটি ছাপিয়ে দিয়েছেন- একসময় একথাও শোনা যায় — তখনই বইটা | **2+3=5#**<br><br><br><br>**#(2+3=5/3+ 2=5) (Discrepancy in allotment of** |

| | | | |
|---|---|---|---|
| | | ফেলে রেখে সে ছাদে চলে যায়।<br><br>**b)**শিল্প সমাদৃত হলে শিল্পী সার্থক হন- পাঠ্যগল্পে তা হয়নি। বাড়ির সকলে গল্প লেখার সম্পূর্ণ কৃতিত্ব তপনের পরিবর্তে তার লেখক মেসোকে দেওয়াতে তপনের শিল্পীসত্তা আহত হয় । লোকচক্ষুর আড়ালে চোখের জল মুছে তীব্র ক্ষোভ ও আত্মগ্লানিতে তপনের সংকল্প এরপর থেকে নিজের লেখা সে নিজেই ছাপতে দেবে— অন্যের কৃতিত্বের ভাগীদার সে হতে চায় না। (যুক্তিসহ বিশ্লেষণ করা আবশ্যক)<br><br>**OR**<br><br>**জীবনে কিন্তু ভালোবাসার সুযোগ পাচ্ছে না কোথাও' -**<br><br>**a).উদ্দিষ্ট ব্যক্তি 'জীবনে ভালোবাসার সুযোগ পাচ্ছে না কোথাও' বলতে গল্পকার কী বুঝিয়েছেন?**<br><br>**b). এই ভালোবাসা প্রাপ্তির অভাবকে তিনি কীভাবে পূরণ করতে চেয়েছিলেন?**<br><br>a)লেখক বনফুল 'আলোবাবু' গল্পে আলোবাবু চরিত্রটিকে সৃষ্টি করেছেন 'স্নেহের কাঙাল' হিসাবে। দারিদ্র্যের জন্য স্নেহ ও ভালোবাসার পাত্র-পাত্রীকে পোষ্য করে তুলতে তিনি অসমর্থ। আবার যখনই নিঃস্বার্থভাবে মানুষ-পশু নির্বিশেষে তার ভালোবাসা, স্নেহ অথবা সহমর্মিতা দেখিয়েছেন তখনই বাস্তব সমাজ অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। অবিনাশ বাবুর বাড়ি থেকে বিতাড়িত হওয়া অথবা হাসপাতালের ড্রেসারের চাকরি হারানো তার উদাহরণ। আলোবাবুর দর্শন, বিশুদ্ধ স্নেহ ও ভালবাসার সুযোগকে সমাজের প্রচলিত দৃষ্টিভঙ্গি দূরে সরিয়ে দিয়েছে। | **marks in QP write 'or')**<br><br>**3+2=5#** |
| | **(CBQ)**→ | | |

| | | | |
|---|---|---|---|
| | | b)একদিকে ভালোবাসা ও স্নেহের হাতছানি অন্যদিকে বারংবার প্রত্যাখ্যাত হওয়ার জন্য শেষ পর্যন্ত তার সমস্ত ভালবাসা তিনি উজাড় করে দিয়েছিলেন একটি ঘড়ির ওপর। নিষ্প্রাণ ওই বস্তুটির পরিচর্যার মধ্যেই তিনি স্নেহ ও ভালবাসার স্বাদ গ্রহণ করতেন। | |
| | 11.<br><br>(CBQ) | **সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো -**<br><br>**‘ সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব? তিনপাহাড়ের নকশিকাঁথায় শিশুর কলরব।’**<br><br>**উৎস** - ‘তিন পাহাড়ের কোলে’ কবিতা। কবি শক্তি চট্টোপাধ্যায়।<br><br>**প্রসঙ্গ**- দৈনন্দিন যান্ত্রিকতা ও কৃত্রিমতা থেকে তিন পাহাড়ের উন্মুক্ত প্রকৃতির সহজ সারল্য ও স্বচ্ছতায় তিনজন শহুরে ভ্রমণপিপাসু মানুষ মুক্তির আশ্বাস লাভ করেন । তিন পাহাড়ের কোলে এসে সেই প্রসঙ্গেই এই উক্তি।<br><br>**ব্যাখ্যা**- ভ্রমণ পিপাসার চরিতার্থতায় তিন পাহাড়ের কোলে এসে উপস্থিত হয় তিন শহুরে ভ্রমণপিপাসু মানুষ। প্রকৃতির সৌন্দর্যে অবগাহন, লক্ষ্যহীন পথ চলার আনন্দ তাদের পথের দিক ও নিশানা ভুলিয়ে দেয়। নতুন পথ নির্মাণের নেশায় মন মেতে ওঠে - শহরের ক্লান্তি থেকে যে পথ মানুষকে প্রকৃতি অভিমুখী করে তোলে।প্রাত্যহিকতার গণ্ডীতে আবদ্ধ, শহুরে যান্ত্রিকতায় ক্লান্ত জীবনের কৃত্রিম বাঁধাধরা পরিকাঠামো থেকে বের হয়ে তিন পাহাড়ের কোলের প্রকৃতির অনাবিল সান্নিধ্য বাঁচার অন্য মাত্রা এনে দেয়। পাহাড় ও তৎসংলগ্ন শ্যামল সজীবতার কোলে লালিত গ্রামের স্বাভাবিক | **5x1** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জীবনছন্দ নক্‌শী কাঁথার মতো বিস্তৃত হয়। শিশুর সারল্য ও উচ্ছ্বাস যেন সেখানে বিধৃত হয়েছে।<br><br>**OR**<br><br>**' তোমার পানি আর আমার জল<br>জীবনের জন্য<br>একসঙ্গে একাকারে ভ'রে নিই'**<br><br>**উৎস** - 'একাকারে' কবিতা । কবি সুভাষ মুখোপাধ্যায় ।<br><br>**প্রসঙ্গ**- প্রকৃতির দান যা আমাদের জীবন-যাপনকে অব্যাহত রাখে তা ধর্মভিত্তিক বিভিন্নতাকে প্রশ্রয় দেয় না। সেই প্রসঙ্গেই এই উদ্ধৃতি।<br><br>**ব্যাখ্যা**- ঝরনার সামনে নতজানু হয়ে যখন আমরা ভরে নিই জীবনের পানপাত্র তখন তাকে পানি বা জল যাই বলেই সম্বোধন করি না কেন ভাষাগত বিভিন্নতার বিচারে প্রকৃতি কখনো পক্ষপাতদুষ্ট হয় না। অঞ্জলিবদ্ধ দু'হাতে আমরা পান করি জীবনের রসদ। প্রকৃতির উদারতায় পানি ও জল দুই এক হয়ে গড়ে ওঠে ঐক্যবদ্ধ জীবনশক্তি।<br><br>উৎস – 1 নম্বর<br><br>প্রসঙ্গ – 1 নম্বর<br><br>ব্যাখ্যা - 3 নম্বর<br>উপস্থাপনার মান অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্য। | |
| | 12.<br><br>(CBQ) | **'.....আঁকড়ে ধরে সে খড়কুটো<br>রক্ত মুছি শুধু গানের গায়ে ----'** | |

| | | | |
|---|---|---|---|
| | | **a) ‘খড়কুটো’ আঁকড়ে ধরার মধ্যে দিয়ে এখানে কী বোঝানো হয়েছে?**<br><br>**b).উদ্ধৃত পঙ্ক্তির নিহিতার্থ বিশ্লেষণ করো ।**<br><br>**a)**কবি জয় গোস্বামী 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় দেখিয়েছেন ক্ষমতা ও ভোগদখলের লড়াইয়ে হিংসায় উন্মত্ত পৃথিবীর যে অবস্থা তা আমাদের চারপাশে প্রতিহিংসার পরিবৃত্ত রচনা করেছে ।সেখান থেকে মুক্তির প্রয়োজন , তার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার প্রয়োজন আছে। মানবতার গান, শান্তি মৈত্রীর ছন্দ, মনুষ্যত্বকে একমাত্র সম্বল করতে হবে। খড়কুটোর মত তা হয়তো অকিঞ্চিৎকর, সীমিত কিন্তু বিপদের সময় তাই হ’তে পারে একমাত্র সহৃদয় সম্বল।<br><br>**b)** বিদ্বেষ ও হিংসায় উন্মত্ত পৃথিবী বিধ্বংসী অস্ত্র প্রতিযোগিতায় মেতে উঠেছে। যুদ্ধ থামিয়ে মানব সভ্যতাকে সুরক্ষিত করতে প্রতিরোধী শক্তিরূপে তাই প্রয়োজন গানের মতো গতিশীল জীবন ছন্দের । মানবমুক্তির হাতিয়ার হিসাবে এই গানই পারবে জিঘাংসাকে প্রশমিত ক’রে নির্মল নিষ্কলুষ অনাড়ম্বর হৃদয়ে নতুন প্রাণের সঞ্চার ঘটাতে ।<br><br>**OR**<br><br>**‘ অথবা এমনই ইতিহাস**<br>**আমাদের চোখমুখ ঢাকা**<br>**আমরা ভিখারি বারোমাস’**<br><br>**a) ‘আমরা’ বলতে কাদের বোঝানো হয়েছে?**<br><br>**b) আমাদের এরূপ খণ্ডিত অস্তিত্ব থেকে উদ্ধারের কোন্ উপায় দেখিয়েছেন কবি?**<br><br>**a)**‘আয় আরো বেঁধে বেঁধে থাকি’ কবিতায় কবি | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | শঙ্খ ঘোষ 'আমরা' বলতে স্বৈরতন্ত্র ও স্বৈরাচারীর শিকার নিরীহ সাধারণ মানুষদের বুঝিয়েছেন অথচ এই সাধারণ মানুষই সভ্যতার ধারক ও বাহক।স্বার্থান্বেষী শোষণ তাদের অস্তিত্বকে করেছে দুর্বল ও ন্যুব্জ।<br><br>**b).**মানব সভ্যতার লিখিত ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় সাধারণ কর্মী মানুষদের ইতিহাস এখানে ব্রাত্য। অথচ সভ্যতার ধারা বাহিত হয় এই সাধারণ কর্মী মানুষের সাহায্যেই। স্বার্থপর, ক্ষমতালোভী মানুষেরা সভ্যতার ইতিহাসে সাধারণ মানুষদের অবদানকে আলোকিত হতে দেয় না। এই মানুষগুলি প্রতিবাদের ভাষা উচ্চারণে অক্ষম, অন্যের করুণায় লালিত জীবনে অভ্যস্ত সর্বহারার দল। কবি তাই এই শূন্যতাকে পূর্ণতা দেওয়ার জন্য সমস্ত বাহ্যিক ভেদাভেদ দূর করে ঐক্যবদ্ধ মানবশক্তি হিসাবে সমস্ত বিরোধী শক্তির বিরুদ্ধাচারণ করতে সকলকে আহ্বান করেছেন। | **2+3=5** |
| | **13.**<br><br>**(CBQ)** → | **"পোস্টমাস্টার রতনের এইরূপ ব্যবহার কখনও দেখেন নাই, তাই অবাক হইয়া রহিলেন"---**<br><br>**a) রতনের কোন্ অস্বাভাবিক ব্যবহারের কারণে পোস্টমাস্টার অবাক হয়েছিলেন?**<br><br>**b) রতনের অস্বাভাবিক ব্যবহারের অন্তরালে তার কোন্ মানসিকতার পরিচয় ফুটে উঠেছে প্রাসঙ্গিক ঘটনা অবলম্বনে লেখো।**<br><br>a) রবীন্দ্রনাথের 'পোস্টমাস্টার' গল্পে বেশ কিছুদিনের সহাবস্থানজনিত স্নেহ ও মানবিকতাবশতঃ পোস্টমাস্টার উলাপুর গ্রাম থেকে বদলির আগে নতুন পোস্টমাস্টারকে রতনকে যত্নে রাখার কথা পূর্বেই অবগত করে | **2+3=5** |

যাওয়ার ইচ্ছা প্রকাশ করেন । একথা রতনকে জানালে রতন উচ্চৈঃস্বরে কেঁদে উঠে আপত্তি জানায় এই বলে যে সে আর সেখানে থাকতেই চায় না। নতুন পোস্টমাস্টারকে তার প্রতি সহানুভূতি প্রদর্শনের কথা না জানাতে কাতর অনুরোধ করে। পোস্টমাস্টার রতনের এই অপরিচিত ব্যবহারে বিস্মিত হয়েছিলেন।

b) নিতান্ত আপনজন ভেবে পিতৃমাতৃহীন, অনাথা, স্নেহপ্রত্যাশী রতন পোস্টমাস্টারের সঙ্গে এক বন্ধন অনুভব করত – তাই উলাপুর ছেড়ে কোলকাতায় যাবার সময় রতনকেও সঙ্গে করে নিয়ে যাবার বিষয়টিতে নিতান্ত ঔদাসীন্য দেখিয়ে পোস্টমাস্টার যখন অনীহা প্রকাশ করলেন তখন তা অভিমানী রতনের কাছে অসহনীয় হয়ে ওঠে। নারীহৃদয়ের অব্যক্ত বেদনা , উচ্ছ্বসিত আবেগ ধরা পড়েছে তার প্রতিক্রিয়ায় ।

**14.**

**‘“দাদা মাপ করিলে তো ?”**

**a) কে কার কাছে কখন ক্ষমাপ্রার্থী হয়েছিলেন ?**

**b) কোন্ কর্মের অনুশোচনার প্রেক্ষিতে বক্তার এই ক্ষমা প্রার্থনা?**

**a)**মুমূর্ষু শশিভূষণের শয্যাপাশে বসে অনুশোচনায় দগ্ধ রাধামুকুন্দ তার কৃতকর্মের কথা দাদার কাছে স্বীকার করেন।

**b)** কৈশোরকাল থেকে উভয়ের অন্তরে কোনও প্রভেদ না থাকলেও, পরবর্তীকালে আর্থিক কারণে দুই ভাই-এর মধ্যে সৃষ্ট ব্যবধানের জন্য তাদের সম্পর্কের মধ্যে বিচ্ছেদ সম্ভাবনা গুরুতর হয়ে উঠেছিল। তা দূর করতেই রাধামুকুন্দ একদিন দাদা শশিভূষণের জমিদারী পরগণা এনাৎশাহীর খাজনা ডাকাতদের দিয়ে লুঠ করিয়ে তার

| | | | |
|---|---|---|---|
| | | সম্পত্তি নিলাম করিয়েছিলেন। এখানে সেই পাপকর্মের জন্যই বক্তার ক্ষমা প্রার্থনা ।<br><br>**OR**<br><br>**'আমাকে মানিতে হইল, ব্যাপারটা অসম্ভব তাহা নহে কিন্তু অবিশ্বাস্য'।**<br><br>**a).ব্যাপারটি কী ?**<br><br>**b).অসম্ভব হলেও ব্যাপারটিকে অবিশ্বাস্য বলে বক্তার মনে হয়েছে কেন?**<br><br>**a).**রবীন্দ্রনাথ ঠাকুরের 'কাবুলিওয়ালা' গল্পে মিনির মা স্বভাবতঃ নিজের সংসারের সুরক্ষা সম্বন্ধে সদাই শঙ্কিত থাকেন। মিনির সঙ্গে কাবুলিওয়ালার অন্তরঙ্গতা সেই শঙ্কাকে একটি সম্ভাব্য দুর্ভাবনায় পরিণতি দেয় যে বিশাল আকৃতির কাবুলিওয়ালা ছলে বলে কৌশলে ছোট ছোট ছেলেদের সহজেই চুরি করে নিয়ে যেতেই পারে। মিনির বাবার কাছে এই ব্যাপারটি অসম্ভব মনে না হলেও অবিশ্বাস্য বলে মনে হয়েছে।<br><br>**b).**শঙ্কিতস্বভাবা মিনির মা যে অশুভ ইঙ্গিত কাবুলিওয়ালা রহমতের প্রতি করেছিলেন, রহমতের সঙ্গে এযাবৎ পরিচয়ের সূত্রে মিনির বাবা সেই ইঙ্গিতকে অন্য ক্ষেত্রে সম্ভব মনে করলেও রহমতের ক্ষেত্রে অবিশ্বাস্য বলে মনে করেছিলেন। রহমতের সঙ্গে মিনির সখ্যতার মধ্যে যে স্বচ্ছতা, সাবলীলতা ও নিঃস্বার্থ অন্তরঙ্গতা ছিল তার একমাত্র সাক্ষী ছিলেন মিনির বাবা। লেখকের সাহিত্যদৃষ্টি ও একজন বাবার অন্তর্দৃষ্টিতে কখনো রহমত এই ধরণের দোষের অধিকারী হতে পারে বলে তিনি বিশ্বাস করেন না। | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| **D**<br><br>**Creative Writing** | **15.**<br><br>**(CBQ)** | অনুচ্ছেদ রচনা –<br>• প্রশ্নানুগ ও যথাযথ বিষয় উপস্থাপনার জন্য 3 নম্বর বরাদ্দ।<br>• আঙ্গিক ও ভাষাগত দক্ষতার জন্য 3 নম্বর বরাদ্দ।<br>উল্লিখিত শর্তপূরণে পূর্ণ মান দেওয়া যেতে পারে। | **[6]** |
| | **16.**<br><br>**(CBQ)** | পত্ররচনা – সম্পাদকের কাছে।<br>• অবয়ব সংস্থান – সম্বোধন, পত্রিকার নাম ও ঠিকানা, তারিখ, বিষয়, সমাপ্তিসূচক পদ, প্রেরকের ঠিকানার সম্পূর্ণ উল্লেখ থাকলে 3 নম্বর প্রাপ্য। প্রতি বিষয়ের জন্য বরাদ্দ 0.5 নম্বর ।<br>• পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর বরাদ্দ।<br>• বক্তব্য প্রশ্নানুগ হলে ন্যূনতম 2.5 নম্বর প্রাপ্য।<br>যথাযথ উপস্থাপনা ও ভাষাগত দক্ষতা বজায় থাকলে পুরো 3 নম্বর প্রাপ্য। | **[6]** |